66

দৈনিক সংবাদ

তারিখ 29 JUL 1995
পৃষ্ঠা ৭ কলাম ২

# ছাত্ররা বান্দরবানে মাদ্রাসায় তালা ঝুলিয়ে দিয়েছে

বান্দরবান, ২৮শে জুলাই (নিজস্ব সংবাদদাতা)।– মাদ্রাসা সুপার মৌলানা শিহাবউদ্দিনের বিরুদ্ধে দুর্নীতির তদন্ত ও তার অপসারণ দাবিতে গতকাল ছাত্ররা বান্দবান ইসলামিয়া দাখিল মাদ্রাসায় তালা ঝুলিয়ে দিয়েছে।

ছাত্র নেতৃবৃন্দ সাংবাদিকদের কাছে অভিযোগ করেন যে, ঐ সুপারের কারণে মাদ্রাসায় লেখাপড়া বিঘ্নসহ সার্বিক অবস্থা ভেঙে পড়েছে। তার বিরুদ্ধে দুর্নীতির বহু অভিযোগ তদন্তে প্রমাণিত হবার পরেও কর্তৃপক্ষ কোন ব্যবস্থা গ্রহণ না করায় ছাত্ররা বাধ্য হয়েই মাদ্রাসায় তালা লাগিয়ে দিয়েছে। ছাত্ররা এক বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে।